



# কাস্টমস এন্ড ভ্যাট কো-অপারেটিভ সোসাইটি লিমিটেড

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সময়বায় মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত

নিবন্ধন নং-০০০৩১

নথি নং- ৫কাস(০১)/ কাস্টমস এন্ড ভ্যাট কো-অপারেটিভ সোসাইটি/ ২০১৮/ ১২৫

তারিখঃ ১৮/০৫/২০২৩ইং

**বিষয়:** কাস্টমস এন্ড ভ্যাট কর্মকর্তা-কর্মচারী সমবায় সমিতি লিমিটেড (সিভিসিএস) এর সদস্য সংগ্রহ কার্যক্রম জোরদার, নিবন্ধিত সদস্যদের তথ্য হালনাগাদকরণ এবং কাস্টমস ও ভ্যাট অনুবিভাগে কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারীর পদভিত্তিক তথ্য প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট অনুবিভাগে কর্মরত সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীর কল্যাণ ও সহায়তা প্রদানের নিমিত্তে 'কাস্টমস এন্ড ভ্যাট কর্মকর্তা-কর্মচারী সমবায় সমিতি লিমিটেড (সিভিসিএস)' বিভিন্ন উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন করছে। প্রতিষ্ঠাকালীন সময় থেকেই সিভিসিএস দুস্থ ও অসহায় সদস্যদের মাঝে নগদ সহায়তা প্রদান করে আসছে। কোভিড-১৯ মহামারীকালে সদস্যদের চিকিৎসা সেবা নিশ্চিতকল্পে ২৪ ঘন্টা ডাক্তারি সেবা প্রদানের ব্যবস্থা করা হয়। মেধাবৃত্তি প্রদান, নিজস্ব হাসপাতাল, কমিউনিটি সেন্টার, শিক্ষাপ্রতিষ্ঠান, বাণিজ্যিক স্থাপনা, কাস্টমস ক্লাব প্রতিষ্ঠাসহ আরও নানামুখী কল্যাণ মূলক কার্যক্রম সিভিসিএস কর্তৃক গ্রহণ করা হচ্ছে। কিন্তু এখনও পর্যন্ত সিভিসিএস-এর সদস্য সংখ্যা আশানুরূপ নয়।

০২। বিভিন্ন সময়ে বদলি, পদায়ন, অবসরসহ নানাবিধ কারণে সিভিসিএসের ওয়েবসাইটে সংরক্ষিত আপনার দপ্তরের কর্মকর্তা-কর্মচারীর (সিভিসিএসের সদস্য) তথ্য সমূহে গড়মিল পরিলক্ষিত হচ্ছে। সিভিসিএসের যে সকল সদস্য আপনার দপ্তর হতে অন্যত্র বদলী হয়েছেন বা অবসর গ্রহণ করেছেন বা বদলী হয়ে আপনার দপ্তরে পদস্থ হয়েছেন তাদেরকে অতি দ্রুত নিজ নিজ ইউজার আইডি ও পাসওয়ার্ড (সকল সদস্যদের জন্য সিভিসিএস কর্তৃক সরবারহকৃত প্রাথমিক পাসওয়ার্ড: cvcs12345) ব্যবহার করে সিভিসিএসের ওয়েবসাইটে হালনাগাদ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

০৩। আপনার দপ্তরের যে সকল কর্মকর্তা-কর্মচারী এখনো সিভিসিএসের সদস্যপদ গ্রহণ করেননি তাদেরকে দ্রুততম সময়ে সদস্য ফরম পূরণ ও ফি জমাদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হল এবং যে সকল কর্মকর্তা-কর্মচারীরা ইতোমধ্যে সদস্য পদ গ্রহণ করেছেন কিন্তু মাসিক চাঁদা বকেয়া রয়েছে তাদেরকে দ্রুততম সময়ের মধ্যে সকল বকেয়া মাসিক চাঁদা পরিশোধের জন্য অনুরোধ করা হল। (সদস্যগণ তথ্য পরিবর্তনের জন্য [www.cvcsbd.com](http://www.cvcsbd.com) এ লগইন করে প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করতে পারেন। যদি কারো ইউজার আইডি বা পাসওয়ার্ড মনে না থাকে সেক্ষেত্রে সিভিসিএসের অফিস সচিব জনাব মোঃ আমজাদ হোসেন, মোবাইল-০১৯১৩৯৩০০৯৪-এর সাথে সরাসরি যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো)

০৪। এছাড়াও নিম্নলিখিত 'ছক' মোতাবেক আপনার দপ্তরে কর্মরত সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীর পদভিত্তিক তথ্য আগামী ৩০/০৫/২০২৩খ্রিঃ তারিখের মধ্যে সিভিসিএসের অফিসিয়াল ই-মেইল ([cvcs.18.bd@gmail](mailto:cvcs.18.bd@gmail.com)) এ পাঠানোর জন্য অনুরোধ করা হলো।

ক্রঃ	নাম	পদবী	মোবাইল নং	সিভিসিএস-এর সদস্য (হ্যাঁ/না)

(ড. মোঃ সহিদুল ইসলাম)  
সদস্য (জাতীয় রাজস্ব বোর্ড)

ও

সভাপতি

কাস্টমস এন্ড ভ্যাট কর্মকর্তা-কর্মচারী সমবায় সমিতি (সিভিসিএস) লিঃ

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

- ০১। কমিশনার/ মহাপরিচালক/ প্রকল্প পরিচালক (সকল);
- ০২। ব্যবস্থাপনা কমিটির সদস্য (সকল)।